

## মায়ানমারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টার ভারত সফর

মায়ানমারের নবনিযুক্ত জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ইউ থাউং তুন বর্তমানে ভারতে একটি সরকারি সফর করছেন। ইউ থাউং একজন বিশিষ্ট কূটনৈতিক, তিনি তাঁর দীর্ঘ কর্মজীবনে মায়ানমারের বিদেশ অফিসে বৈচিত্রময় পদে কর্মরত ছিলেন। আশা করা যাচ্ছে, তিনি তাঁর বর্তমান সামর্থ্য মতো, অভ্যন্তরীণ এবং বাহ্যিক হুমকির প্রেক্ষিতে কূটনৈতিক প্রেক্ষাপটে মায়ানমার সরকারকে প্রয়োজনীয় পরামর্শ দেবেন। আমরা ভারতে তাঁকে স্বাগত জানাচ্ছি এবং দায়িত্বভার গ্রহণের পর প্রথমেই ভারত সফরে আসার জন্য বেছে নেওয়ায় আমরা কৃতজ্ঞ। ভারতে থাকার সময় তিনি বৈঠক করবেন আমাদের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা, পররাষ্ট্র প্রতিমন্ত্রী, বিদেশ সচিব, প্রতিরক্ষা সচিব এবং অন্যান্যদের সঙ্গে।

আমরা আগামীদিনে এনএসএ এবং ইউ থাউং তুন-এর সঙ্গে একটি ফলদায়ক অগ্রগতির জন্য অপেক্ষা করছি।

নয়াদিল্লি

ফেব্রুয়ারি ০২, ২০১৭